



সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন স্বায়ত্তশাসিত সংস্থা
An autonomous organization under the Financial Institutions Division, Ministry of Finance

স্মারক নং: এসডিএফ/আরইএলআই/এইচআর/আরপি/ডিপি-২০২৪/২৭৩৪

তারিখ: ২৮/০৮/২০২৪

জনাব মো: সাইফুর রহমান
জুনিয়র একাউন্টেন্ট
ক্রেডিট প্রোথাম আন্ডার স্টিমুলাস প্যাকেজ (সিপিএসপি)
মিঠাপুকুর উপজেলা, রংপুর।

পূর্বের পদবী ও কর্মস্থল: ক্লাস্টার ফ্যাসিলিটের (আইডি # ৩৭৭৪), আরইএলআই ০১নং মাহেন্দ্রনগর, লালমনিরহাট।

বিষয়: বিভাগীয় মামলায় শাস্তি প্রদান।

যেহেতু, আপনি জনাব মো: সাইফুর রহমান পূর্বের কর্মস্থলে কর্মরত থাকা অবস্থায় সিপিএসপি কর্মসূচীতে যোগদানের জন্য অফার লেটার পাওয়ার পর দায়িত্ব বুঝিয়ে না দিয়ে সিপিএসপি কর্মসূচীতে যোগদান, কালমাটি আনন্দবাজার গ্রাম সমিতির সভাপতির স্বামী মো: জাহাঙ্গীর আলম এর কাছ থেকে ব্যক্তিগত লেনদেন ও কালমাটি আনন্দবাজার গ্রাম সমিতির সভাপতির স্বামী মো: জাহাঙ্গীর আলম কে আপনার পত্যাক্ষ/পরোক্ষ নির্দেশে গ্রাম সমিতির বিভিন্ন কাজে সম্পৃক্ত করেছেন যা অসদাচরণ, দায়িত্ব পালনে চরম অবহেলা, সংস্থার ভাবমূর্ত্তি ক্ষুণ্ণ করা ইত্যাদি বিধি বহির্ভূত কর্মকাণ্ডসমূহ এসডিএফ-এর HR Policy and Manual মোতাবেক অসদাচরণের সামিল যা গুরুতর শাস্তিযোগ্য অপরাধ। উল্লিখিত কর্মকাণ্ডসমূহের জন্য আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে। কারণ দর্শানোর নোটিশের পরিপ্রেক্ষিতে আপনার দাখিলকৃত জবাব অসামঞ্জস্যপূর্ণ ও অসত্য যা কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হয়নি;

যেহেতু, আপনার জবাব পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, আপনি আপনার কৃত অপরাধের গুরুত্ব অনুধাবন করতে পেরেছেন ও পরবর্তীতে ধারকৃত অবশিষ্ট ৪,০৯৫/- টাকা পরিশোধ করেছেন;

যেহেতু, আপনার এহেন অসদাচরণ, দায়িত্ব পালনে চরম অবহেলা, সংস্থার ভাবমূর্ত্তি ক্ষুণ্ণ করা ইত্যাদি বিধি বহির্ভূত কর্মকাণ্ডসমূহ এসডিএফ-এর HR Policy and Manual মোতাবেক অসদাচরণের সামিল যা গুরুতর শাস্তিযোগ্য অপরাধ;

কিন্তু কর্তৃপক্ষ আপনার কৃত প্রথম অপরাধ ও পারিপার্শ্বিকতাসহ সার্বিক বিষয়াদি বিবেচনায় নিয়ে আপনার প্রতি শেষবারের মত সদয় মনোভাব প্রদর্শন করে সংশোধনের সুযোগ প্রদানপূর্বক আপনার আগামী কর্ম-মূল্যায়ন বছরের অর্থাৎ ২০২৩-২০২৪ বছরের বার্ষিক বেতন বৃদ্ধি রহিত করা হলো। ভবিষ্যতে আপনাকে আরও সুশৃঙ্খল ও সতর্কতার সাথে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক দায়িত্ব পালন করার জন্য বলা হলো।

ড. অমিতা সরকার
ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ১) পরিচালক, অর্থ ও ক্রয়, এসডিএফ, ঢাকা।
- ২) আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত), এসডিএফ, রংপুর।
- ৩) মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), মানব সম্পদ, এসডিএফ, ঢাকা।
- ৪) জেলা ব্যবস্থাপক, এসডিএফ, লালমনিরহাট।
- ৫) ব্যক্তিগত নথি।
- ৬) অফিস কপি।